

তথ্যপ্রযুক্তি খাতে প্রতিবন্ধীদের কাজের সুযোগ রয়েছে

০৭ মে ২০১৭, ০১:২৪

আপডেট: ০৭ মে ২০১৭, ০১:২৬



প্রতিযোগীদের মনযোগ

কম্পিউটারে। প্রযুক্তিবিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান করছেন তাঁরা। সংগৃহীত ‘তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) খাতে প্রতিবন্ধীদের কাজ করার সুযোগ রয়েছে। প্রযুক্তি ব্যবহারে তাঁদের যাতে কোনো ধরনের প্রতিবন্ধকতা না থাকে, সে জন্য আমরা প্রতিবন্ধীদের সহযোগিতা করব।’ যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় তথ্যপ্রযুক্তি প্রতিযোগিতা শেষে পুরস্কার প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) উপাচার্য জামিলুর রেজা চৌধুরী।

ইউএপিতে গতকাল শনিবার এই প্রতিযোগিতার আয়োজন করে সরকারের আইসিটি বিভাগ। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজিটালিটি (সিএসআইডি) এবং ইউএপি প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা করে।

দৃষ্টিপ্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী, বাক্ ও শ্রবণপ্রতিবন্ধী এবং নিউরো ডেভেলপমেন্ট (অটিজম) প্রতিবন্ধী—এই চার বিভাগে সারা দেশ থেকে ৮১ জন প্রতিযোগী এই প্রতিযোগিতায় অংশ নেন। মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেটের নানা বিষয়ে প্রতিযোগীদের দক্ষতা দেখে বিচার করা হয়েছে।

দৃষ্টিপ্রতিবন্ধী বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন যথাক্রমে মুখলেছুর রহমান, আব্দুল্লাহ আল নোমান ও সহদেব কুমার। মো. মোল্লা আবু শামিম, সুরত কির্তনীয়া ও মো. ইমরান হোসেন শারীরিক প্রতিবন্ধী বিভাগে যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন। বাক্ ও শ্রবণপ্রতিবন্ধী বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন যথাক্রমে সানজিদা আক্তার ঝিনুক, কাজী আদনান হোসেন ও মো. সুজন। অটিজম বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন যথাক্রমে অমিত সুজাউদ্দিন তুরাগ, জাহিদুল ইসলাম তুহিন ও রিশতা গালিব। এ ছাড়া বাক্ ও শ্রবণপ্রতিবন্ধী ফারহান ইকবালকে বিশেষ পুরস্কার দেওয়া হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জিল্লার রহমান বলেন, দেশে ৩৫ লাখ ৩০ হাজার প্রতিবন্ধী রয়েছে। এরা বোঁঝা নয়। তাদের বেড়ে ওঠায় সরকার সহযোগিতা করছে। এতে আরও বক্তব্য দেন বিসিসির নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার, আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব মো. হারুনুর রশীদ, ইউএপির ট্রাস্টি বোর্ডের

চেয়ারপারসন কাইয়ুম রেজা চৌধুরী, সিএসআইডিএর নির্বাহী পরিচালক জহুরুল আলম। বিসিসি পরিচালিত বিশেষ কোর্সে বিজয়ীরা প্রশিক্ষণের সুযোগ পাবেন। পরবর্তী সময়ে এই ১২ জন থেকে নির্বাচিত ৪ জন সুযোগ পাবেন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের।

এস এম নজিবুল্লাহ চৌধুরী